# ঢাকা বিশ্ববিদ্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনার প্রেক্ষিতে বছরব্যাপী 'তারুণ্যের উৎসব-২০২৫' উদ্‌যাপন উপলক্ষে কার্যক্রম গ্রহণের লক্ষে মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচ.ডি-এর সভাপতিত্বে এক সভা গত ২৮-০৫-২০২৫ তারিখ, বুধবার, সকাল ১১:০০ টায় ভাইস-চ্যান্সেলর অফিস সংলগ্ন প্রফেসর আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত হয়।

সভায় রেজিস্ট্রার, ডিন, প্রভোস্ট, আরবরি কালচার সেন্টারের পরিচালক, বিএনসিসি, রোভার, রেঞ্জার প্রধান এবং অফিস প্রধানবৃন্দ উপস্থিত ছিলেন।

## সভার কার্যবিবরণী

'তারুণ্যের উৎসব-২০২৫' বছরব্যাপী উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

১. 'তারুণ্যের উৎসব-২০২৫' উদযাপন উপলক্ষে গত ১১-১৩ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখ পর্যন্ত ০৩দিন ব্যাপী বিশ্ববিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানসমূহ সুষ্ঠু ও সুন্দরভাবে উদযাপিত হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনার প্রেক্ষিতে অনুষ্ঠানটির সফলতার ধারাবাহিকতায় তারুণ্যের উৎসব বছরব্যাপী অব্যাহত রাখার লক্ষে ইতোপূর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ে গঠিত কমিটি প্রয়োজনীয় সংশোধন/ সংযোজন/পরিমার্জন করা যাবে সাপেক্ষে বহাল রাখা হলো। উক্ত কমিটির আহ্বায়ক আরবরি কালচার সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিন মন্ত্রণালয়ের সাথে আলোচনা সাপেক্ষে মন্ত্রণালয়ের প্রতিনিধি পরিবর্তন/সংযোজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং মাননীয় ভাইস-চ্যান্সেলর-কে অবহিত করবেন। এছাড়া কমিটি সভা আহ্বান করে কর্মসূচি প্রণয়নপূর্বক কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২. অনুষ্ঠানটি আয়োজনের লক্ষে কর্মসূচি গ্রহণের ক্ষেত্রে সরকারি বরাদ্দ প্রাপ্তি/ বিশ্ববিদ্যালয়ের সক্ষমতা ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে সেই মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হোক।

সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/- ০১-০৬-২০২৫
অধ্যাপক নিয়াজ আহমদ খান, পিএইচ.ডি
ভাইস-চ্যান্সেলর
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং-রেজি/প্রশা-৩/ ৮৪৬১৭-৩৫

তারিখ: ১৯/২ /১৪৩২ বঙ্গাব্দ
২/৬ /২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):